

স্ট্রিপ টিলেজ বা ফালি চাষ পদ্ধতি

কীভাবে স্ট্রিপ টিলেজ বা ফালি চাষ অনুশীলন করবেন এবং লাভবান হবেন?

স্ট্রিপ টিলেজ বা ফালি চাষ কি?

স্ট্রিপ টিলেজ বা ফালি চাষে শুধুমাত্র জমিতে সরু লাইনে চাষ করবেন যেখানে আপনি বীজ বপন ও সার প্রয়োগ করবেন। দুই লাইনের মাঝের জমি চাষের দরকার হয় না। একটা পাওয়ার টিলারের অনেক পাক ঘুরার তুলনায় স্ট্রিপ চাষ আপনাকে দ্রুত ফসল বপন ও অর্থ সাশ্রয় করতে সাহায্য করবে। এছাড়াও, এটি মাটিতে রস সংরক্ষণ করবে এবং জৈব সার/পার্থক্ষ বৃদ্ধি করবে যাতে আপনার ফসল উপকৃত হবে।



কীভাবে আপনি স্ট্রিপ টিলেজ বা ফালি চাষ অনুশীলন করবেন?

- ❖ স্ট্রিপ টিলেজ মানে আপনি জমির সকল অংশ চাষ করবেন না। ভাল ফলাফলের জন্য পূর্ববর্তী ফসল সংগ্রহের সময় তার শতকরা ৩০ ভাগ (২০-৩০ সে:মি: উচ্চতায় দাঁড়ানো) নাড়া জমিতে রাখতে হবে। এটি মাটির রস সংরক্ষণে এবং আগাছা দমনে সাহায্য করবে।
- ❖ স্ট্রিপ টিলেজ উন্নতভাবে কাজ করে যখন চাষের পূর্বে জমিতে আগাছানশক (প্রি-ইমারজেন্ট হার্বিসাইড) ব্যবহার করে জমি পরিষ্কার করা থাকে অথবা মাঠে কোন আগাছা না থাকে।
- ❖ একটি দুই চাকা বিশিষ্ট (ট্রাইট্র) পাওয়ার টিলারের সাথে একটি বীজ-সার বপন যন্ত্র সংযুক্ত করলে ন এবং সঠিক পরিমাণ বীজ বপন ও সার প্রয়োগের জন্য যন্ত্রিত নলের ভিতরকার ব্যাসের আয়তন নির্ধারণ করুন।
- ❖ ফসলের ধরণ অনুযায়ী মাটি আল্গা করার ফালের গভীরতা ঠিক করে নিন যাতে বীজ ও সার নির্দিষ্ট গভীরতায় মাটির নিচে পড়ে।
- ❖ পাওয়ার টিলেজে সংযুক্ত বীজ বপন যত্নে ৪৮টি ফাল থাকে। অর্ধেক সংখ্যক ফাল খুলে ফেলুন। স্ট্রিপ টিলেজে সর্বোচ্চ মোট ২৪টি ফালের প্রয়োজন হয়।
- ❖ ফসলের সারি থেকে সারির দুরুত্ব অনুযায়ী স্ট্রিপ টিলেজের জন্য নির্ধারিত বা প্রস্তুতকৃত (২+২) ৪টি করে ফাল সামনা-সামনি সেট করুন যাতে জমিতে ২ ইঞ্চি চওড়া ফালি তৈরি হবে। ফালের ঠিক পিছনে বীজ ও সারের ফারো ওপেনার/প্রস্তুতকারক সেট করুন। জমি প্রস্তুত করার সময় অঙ্গ সংখ্যক ফালের ব্যবহার জ্বালানী এবং অর্থ সাশ্রয় করে।



স্ট্রিপ টিলেজ বা ফালি চাষ এর সুবিধাসমূহ

- ❖ যেহেতু একই জমি অনেকবার চাষ করা হয় না এবং মাটি সূর্যের আলোতে আলগা করা হচ্ছে না, তাই স্ট্রিপ টিলেজ বিশেষ করে রবি মৌসুমে সেচ নির্ভর ফসলে মাটির রস সংরক্ষণ করে যাতে ফসল উপকৃত হয়।
- ❖ স্ট্রিপ টিলেজ আপনার ফসলকে বেশি খরা সহ্যকারি করে তুলে।
- ❖ স্ট্রিপ টিলেজে আপনি সাধারণভাবে প্রয়োগকৃত সেচের তুলনায় পানির পরিমাণ কমিয়ে আনতে পারেন।
- ❖ অনেকবার জমি চাষ করতে হয় না এবং একই সময়ে বীজ ও সার প্রয়োগ করা যায়, এজন্য স্ট্রিপ টিলেজ আপনাকে দ্রুত ফসল বপন করতে সাহায্য করবে। এটা ফলন বৃদ্ধি এবং একই বছরে একই জমিতে বেশি ফসল উৎপাদন করতে সাহায্য করতে পারে।
- ❖ গম এবং রবি মৌসুমের অন্যান্য ফসলের ফলন বিধা প্রতি ১৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।



This handbill is made possible through support provided by the United States Agency for International Development (USAID). The contents and opinions expressed herein are those of the author(s) and do not necessarily reflect the views of the US Agency for International Development or the United States Government.

বিস্তারিত জানতে যোগাযোগ করুন

আঞ্চলিক গম গবেষণা কেন্দ্র, শ্যামপুর, রাজশাহী এবং
বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট, গাজীপুর

আঙ্গোরাতিক ভুট্টা ও গম গবেষণা কেন্দ্র (সিমিট), বাংলাদেশ
বাসা ১০৩, রোড ৫৩, গুলশান ২, ঢাকা ১২১২
ফোন: +৮৮ ০২ ৯৮৯৬৬৭৬, ৯৮৯৪২৭৮

ই-মেইল: cimmytbd@cgiar.org, shafiqul.islam@cgiar.org